

■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬১৮

পরিচ্ছেদঃ স্বর্ণও রৌপ্যের যাকাত।

باب مَا جَاءَ فِي زَكَاةِ الذَّهَبِ وَالْوَرِقِ .

আরবী

حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْمَلِكِ بْنِ أَبِي الشَّوَارِبِ، حَدَّتَنَا أَبُو عَوَانَةَ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ عَلَيّ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " قَدْ عَفَوْتُ عَنْ صَدَقَةِ الْخَيْلِ وَالرَّقِيقِ فَهَاتُوا صَدَقَةَ الرِّقَةِ مِنْ كُلِّ أَرْبَعِينَ دِرْهَمًا دِرْهَمًا وَلَيْسَ فِي عَنْ صَدَقَةِ الْخَيْلِ وَالرَّقِيقِ فَهَاتُوا صَدَقَةَ الرِّقَةِ مِنْ كُلِّ أَرْبَعِينَ دِرْهَمًا دِرْهَمًا وَلَيْسَ فِي تَسْعِينَ وَمِائَةٍ شَيْءٌ فَإِذَا بَلَغَتْ مِائَتَيْنِ فَفِيهَا خَمْسَةُ الدَّرَاهِمِ ". وَفِي الْبَابِ عَنْ أَبِي بَكْرِ الصِّدِيقِ وَعَمْرِو بْنِ حَزْمٍ . قَالَ أَبُو عِيسَى رَوَى هَذَا الْحَديثَ الأَعْمَشُ وَأَبُو عَوَانَةَ وَغَيْرُهُمَا عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ عَلِيّ وَرَوَى سُفْيَانُ التَّوْرِيُّ وَابْنُ عَلَيْ وَعَنْ أَبِي إِسْحَاقَ عَنْ عَلِيّ وَرَوَى سُفْيَانُ التَّوْرِيُّ وَابْنُ عَلَيْ أَبِي إِسْحَاقَ عَنْ عَلِيّ وَرَوَى سُفْيَانُ التَّوْرِيُّ وَابْنُ عَلَيْ الْمَدِيثَ وَغَيْرُ وَاحِدِ عَنْ أَبِي إِسْحَاقَ عَنِ الْحَارِثِ عَنْ عَلِيّ . قَالَ وَسَأَلْتُ مُحَمَّدًا عَنْ هَذَا الْحَدِيثَ فَقَالَ كِلاَهُمَا عِنْدِي صَحِيحٌ عَنْ أَبِي إِسْحَاقَ يُحْتَمَلُ أَنْ يَكُونَ رُويِي عَنْهُمَا جَمِيعًا .

বাংলা

৬১৮. মুহাম্মদ ইবনু আবদুল মালিক ইবনু শাওয়ারিব (রহঃ) আলী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ ঘোড়া ও ক্রীসদাসের ক্ষেত্রে যাকাত মাফ করে দিলাম। তোমরা প্রতি চল্লিশ দিরহাম (রৌপ্য মুদ্রায়) এক দিরহাম হিসাবে রৌপ্যের যাকাত দিবে। একশ নক্ষই দিরহামেও আমার (বায়তুল মালের) কিছু পাওনা নাই। কিন্তু দুশ' দিরহাম পরিমাণ হলে এতে পাঁচ দিরহাম (২.৫০%) যাকাত ধার্য হবে। - ইবনু মাজাহ ১৭৯০, তিরমিজী হাদিস নম্বরঃ ৬২০ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবৃ বকর সিদ্দীক ও আমর ইবনু হাযম (রাঃ) থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবৃ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেন, আমাশ ও আবৃ আওয়ানা প্রমুখ এই হাদিসটি আবৃ ইসহাক-আসিম ইবনু যামযা, আলী (রাঃ) সূত্রে বর্ণনা করেছেন। মুহাম্মদ ইবনু ইসমাঈল আল-বুখারী (রহঃ) কে এই হাদিসটি হারিস, আলী (রাঃ) সূত্রে এটি বর্ণনা করেছেন। মুহাম্মদ ইবনু ইসমাঈল আল-বুখারী (রহঃ) কে এই হাদিসটি সম্পর্কে আমি জিজ্ঞাসা করেছিলাম।



তিনি বললেন, আমার মতে আবূ ইসহাক থেকে উভয় সনদই সহীহ্। কারণ, সম্ভাবনা আছে যে, তিনি (আসিম ও হারিস) উভয়ের নিকট থেকে ই এটির রিওয়ায়াত করেছেন।

English

Ali narrated that:

the Messenger of Allah said: "I have exempted charity on horses and slaves. So bring charity for silver, one Dirham for every forty Dirham. There is nothing for me (to collect) on one hundred and ninety Dirham, so when it reaches two hundred, then five Dirham of it (are due)."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন